

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৮৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২৫. জুমু'আর সালাতের আযান

باب النِّدَاءِ يَوْمَ الْجُمْعَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ الْمُرَادِيُّ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، عَنْ يُونُسَ، عَنِ ابْنِ شِهَابٍ، أَخْبَرَنِي السَّائِبُ بْنُ يَزِيدَ، أَنَّ الأَذَانَ، كَانَ أَوَّلُهُ حِينَ يَجْلِسُ الإِمَامُ عَلَى الْمِنْبَرِ يَوْمَ الْجُمُعَةِ فِي عَهْدِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَأَبِي بَكْرٍ وَعُمَرَ _ رضى الله عنهما _ فَلَمَّا كَانَ خِلَافَةُ عُثْمَانَ وَكَثُرَ النَّاسُ أَمَرَ عُثْمَانُ يَوْمَ الْجُمُعَةِ بِالأَذَانِ التَّالِثِ فَأُذِّنَ بِهِ عَلَى الزَّوْرَاءِ فَثَبَتَ الأَمْرُ عَلَى ذَلِكَ

_ صحیح : خ

বাংলা

১০৮৭। আস-সায়িব ইবনু ইয়াযীদ (রাঃ) সূত্রে বর্নিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আবূ বকর এবং 'উমার (রাঃ) এর যুগে জুমু'আহর প্রথম আযান দেয়া হতো ইমাম মিম্বারে বসলে। কিন্তু 'উসমান (রাঃ) এর খিলাফাতের সময় জনসংখ্যা বৃদ্ধি পাওয়ায় তিনি জুমু'আহর সালাতের জন্য তৃতীয় আযানের নির্দেশ দেন। এ আযান সর্বপ্রথম (মদীনার) আয-যাওরা নামক স্থানে দেয়া হয়। এরপর থেকেই এ নিয়ম বহাল হয়ে যায়।[1]

সহীহ: বুখারী।

English

Al-Sa'ib b. Yazid said:

During the time of the Prophet (ﷺ) and Abu Bakr and 'Umar the call to the Friday prayer was first made at the time when the imam was seated on the pulpit (for giving the sermon). When the time of 'Uthman came, and the



people became abundant, 'Uthman ordered to make a third call to the Friday prayer. It was made on al-Zaura' (a house in Medina). The rule of action continued to the same effect.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : জুমু'আহ, অনুঃ জুমু'আহর দিনে আযান, হাঃ ৯১২), নাসায়ী (অধ্যায় : জুমু'আহ, অনুঃ জুমু'আহ সালাতের জন্য আযান, হাঃ ১৩৯১) ইবনু শিহাব হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সায়িব ইবনু ইয়াযীদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন